

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' হিসেবে অধ্যাপক খুরশীদা বেগমকে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগে কর্মরত ছিলেন। 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' নিয়োগে কুয়েট দেশের প্রকৌশল বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম এবং পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে চতুর্থ।

কুয়েট প্রশাসন সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে ২০২১ সালের ১০ ও ১৭ এপ্রিল অনুষ্ঠিত সিন্ডিকেটের ৭৩তম সভায় 'বঙ্গবন্ধু চেয়ার' নীতিমালা অনুমোদন করা হয়। বুধবার উপাচার্যের সভাপতিত্বে সিন্ডিকেটের ৮৩তম সভায় 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' হিসেবে খুরশীদা বেগমকে নিয়োগ দেওয়া হয়। দুই বছরের জন্য এ নিয়োগ কার্যকর হবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী সাজ্জাদ হোসেন বলেন, এ বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' নিয়োগের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর জীবন, কর্ম, রাজনৈতিক দর্শন, মুক্তিযুদ্ধ এবং প্রকৌশল ও প্রযুক্তির সঙ্গে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নবিষয়ক নানা বিষয় নিয়ে কাজ করার সুযোগ তৈরি হলো। বঙ্গবন্ধু ও বাংলাদেশ নিয়ে গবেষণা কার্যক্রমকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

কুয়েট প্রশাসন সূত্র জানায় 'বঙ্গবন্ধু চেয়ার' পদটি সৃষ্টি করা হয়েছে মূলত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গৌরবময় জীবন, কীর্তি, আদর্শ, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, উচ্চশিক্ষা, বাংলার ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার সঙ্গে সম্পৃক্ত প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ে গবেষণার জন্য। নীতিমালা অনুযায়ী পিএইচডি ডিগ্রিধারী জাতীয়/আন্তর্জাতিকভাবে সর্বজনবিদিত বাংলাদেশি পণ্ডিত, শিক্ষকতায় যাঁর কমপক্ষে ২০ বছরের অভিজ্ঞতা আছে, যিনি স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের একজন প্রথিতযশা-এমন ব্যক্তিত্ব 'বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর' হিসেবে নিয়োগ পাবেন। এ জন্য তিনি সম্মানীসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্ত হবেন। দুই বছর পরপর এ পদে নিয়োগ দেওয়া হবে।